২২।১২।৭৭
3..কলাম..6...

184

ইত্তেফাক

# বিভিন্ন স্থানে খাল খনন ও পুনঃখনন কাজ শুরু

ভোলা (বরিশাল), ১৭ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)—গত ২রা ও ৩রা ডিসেম্বর স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে ভোলা থানার শিবপুর ইউনিয়নের তিন মাইল লম্বা একটি মজা খাল এবং বোরহানুদ্দিন থানার দেউলা ইউনিয়নের ৪ মাইল দীর্ঘ একটি মজা খাল খনন কাজ উদ্বোধন করা হয়। দুইটি খাল খনন কার্যে প্রায় ১০ হাজার লোক অংশ গ্রহণ করে।

## রায়পুরা

নরসিংদী (ঢাকা) হইতে আমাদের সংবাদদাতা জানান,

(৪র্থ পৃঃ দ্রঃ)

## খাল খনন শুরু

(৩য় পৃঃ পর)

গত ৮ই ডিসেম্বর রায়পুরা থানার চরসুবুদ্দি, মির্জানগর ও আদিয়াবাদ ইউনিয়নের আড়িয়াল খাঁ হইতে মেঘনা নদীর পার্শ্ববর্তী এলাকা পর্যন্ত ৫ মাইল দীর্ঘ খাল খননের কাজ শুরু হইয়াছে। প্রথম দিনে ২০ হাজার লোক খাল খননের কাজে অংশ গ্রহণ করে।

## গোপালগঞ্জ

ফরিদপুরের গোপালগঞ্জ হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, গত ৪ঠা ডিসেম্বর গোপালগঞ্জ মহকুমা সদর হইতে ৬ মাইল দূরবর্তী বর্ণি ইউনিয়নের বর্ণি বাওড় হইতে বড় খাল পর্যন্ত প্রায় তিন মাইল দীর্ঘ একটি খাল খননের কাজ শুরু হইয়াছে। প্রায় ১ হাজার লোক স্বেচ্ছাশ্রমে উক্ত খাল খননের কাজে অংশ গ্রহণ করে।

## রামগড়

রামগড় (পার্বত্য চট্টগ্রাম), হইতে আমাদের সংবাদদাতা জানান, গত ২রা ডিসেম্বর স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে রামগড়ে সদুকারবারী পাড়ায় খাল খননের কাজ শুরু হইয়াছে। সকল স্তরের প্রায় ৫ হাজার লোক উক্ত খাল খনন কার্যে অংশ গ্রহণ করে।

## বরগুনা

বরগুনা (পটুয়াখালী) হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, গত ২৮শে নভেম্বর বরগুনা থানার বড়ীরচর ইউনিয়নের সোনাখালী-চড়কগাছিয়া ৫ মাইল দীর্ঘ খাল পুনঃখননের কাজ শুরু হইয়াছে। আগামী ফেব্রুয়ারী মাসের মধ্যে খননকার্য সম্পন্ন হইবে বলিয়া আশা করা যাইতেছে।

## শেরপুর

শেরপুরটাউন (জামালপুর), ২১শে ডিসেম্বর—গত ৪ঠা ডিসেম্বর চরপক্ষীমারী ইউনিয়নের দশআনী খাল স্বেচ্ছাশ্রমে পুনঃখনন কাজ শুরু হইয়াছে। প্রথম দিনে এই কাজে সর্বস্তরের প্রায় তিন হাজার জনসাধারণ অংশগ্রহণ করে।

## কিশোরগঞ্জ

কিশোরগঞ্জ (ময়মনসিংহ)—গত ৩রা ডিসেম্বর ছয় মাইল দৈর্ঘের উথরিয়া খাল পুনঃখননের কাজ শুরু হইয়াছে। উদ্বোধনী দিনে খনন কার্যে মোট ৩০টি স্বেচ্ছাসেবী ইউনিট অংশ গ্রহণ করিয়াছে।

## চাঁপাই নবাবগঞ্জ

চাঁপাই নবাবগঞ্জ (রাজশাহী) সম্প্রতি নবাবগঞ্জ থানার গোবরাওলা ইউনিয়নের বেহুলাবিল-গাওহা-মহিপুর সেচ খাল খনন প্রকল্পের কাজ শুরু হইয়াছে। প্রকল্প অনুযায়ী ১০ হাজার ৬৫ ফুট দৈর্ঘ্য, ৬০ ফুট প্রস্থ ও ১০ ফুট গভীর উক্ত খালে প্রায় ৩৭ লক্ষ ঘনফুট মাটি কাটিতে হইবে। খননের সময় নেওয়া হইয়াছে ৩ মাস এবং প্রতিদিন ৬ শত স্বেচ্ছাসেবীকে কাজ করিতে হইবে।

## বান্দরবান

বান্দরবান (পার্বত্য চট্টগ্রাম) সেচের সাহায্যে ফসল উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে গত ২রা ডিসেম্বর স্বেচ্ছাশ্রমের ভিত্তিতে বান্দরবান মহকুমার মারুপ্যাখোলা খাল খনন প্রকল্পের কাজ শুরু হইয়াছে। উদ্বোধনী দিনে সরকারী শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য মহলের ৫ শতাধিক লোক কাজে অংশ নেয়।

## খুলনা

গত বুধবার খুলনা সদর ও বাগেরহাট মহকুমার মধ্যবর্তী খুলনা-মংলা মহাসড়ক পাশের ১৮ মাইল দীর্ঘ একটি খাল পুনঃখনন কাজ শুরু হয়। এই জেলার খনন ও পুনঃখননের জন্য গৃহীত ৯টি খালের মধ্যে এই খালটি বৃহত্তম।

## সাতক্ষীরা

সাতক্ষীরা হইতে নিজস্ব সংবাদদাতা জানায়, কালাওড়া থানার জুলী এবং বলরামপুর থানায় খাল খনন কাজ শুরু হইয়াছে। স্থানীয় শিক্ষক, ছাত্র, আনসার ও সরকারী কর্মচারী সহ বহুসংখ্যক জনসাধারণ ইহাতে অংশগ্রহণ করেন। খবর নিজস্ব সংবাদদাতাদের।

এদিকে বাসস জানায়: গত ১০ই ডিসেম্বর সাতক্ষীরা মহকুমার তালা থানার পদ্মবিল পুনঃখনন কাজ শুরু হইয়াছে। খুলনা জেলায় মোট ৯টি খাল খনন এবং পুনঃখনন করা হইবে। ইহার মধ্যে ৪টি খাল পুনঃখনন কাজ পূর্ণোদ্যমে চলিতেছে। বাকীগুলি সত্বর শুরু হইবে।

## কুমিল্লা

এক সরকারী তথ্য বিবরণীতে বলা হয়, কুমিল্লা জেলার মুরাদনগর ও দেবীদ্বার থানায় ৬ মাইল দীর্ঘ মরিচাকান্দি খাল পুনঃখনন কাজ আগাইয়া চলিয়াছে। ইতিমধ্যে এই জেলা সদর মহকুমা (দক্ষিণ) চাউলতাতলী খাল পুনঃখনন কাজও শুরু হইয়াছে।

লাকসামে চৌলতালী খাল পুনঃখনন কাজ আগাইয়া চলিয়াছে।

## পিরোজপুর

পিরোজপুরে গাবগাছিয়া-ভবানীপুর খাল পুনঃখনন প্রকল্পের কাজ গত বুধবার উদ্বোধন করা হয়। ইহাতে সর্বস্তরের দেড় হাজার জনসাধারণ অংশগ্রহণ করেন।